BGMEA University of Fashion & Technology (BUFT)
*Excellence through Education*
Campus: Nishatnagar, Turag, Uttara, Dhaka-1230Tel: 09606808080, 09606950535, 09606950986, and 09606950987
Email: info@buft.edu.bd, . www.buft.edu.bd

স্মারক নং: বিইউএফটি/রেজি./৭.০৩/১৪৩৬ তারিখ: ১৮ মে ২০২০

# বিজ্ঞপ্তি

## (ছাত্র-ছাত্রীদের জন্য)

বাংলাদেশের করোনা পরিস্থিতির প্রেক্ষিতে শিক্ষার্থীদের ভবিষৎ বিবেচনা করে শিক্ষা মন্ত্রণালয় এবং ইউজিসি এর নির্দেশনা মোতাবেক আমাদের বিশ্ববিদ্যালয়ে অনলাইন শিক্ষা কার্যক্রম চালু করা হয়েছে। বিইউএফটি এই বৈশিক ক্রান্তিকালে ছাত্র-ছাত্রীদের মূল্যবান শিক্ষা জীবনের কথা বিবেচনায় এনে অনলাইনের শিক্ষা কার্যক্রম সফলতার সাথে পরিচালনা করছে। কিন্তু ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, বিইউএফটি এর কতিপয় শিক্ষার্থী নানাবিধ সামাজিক মাধ্যম ব্যবহার করে অনলাইনে ক্লাসের ব্যাপারে বিভ্রান্তি ছড়াচ্ছে এবং সাধারণ ছাত্র-ছাত্রীদের ক্লাসে/শিক্ষা কার্যক্রমে অংশগ্রহণে বাধা প্রদান করছে যা দেশের আইন ও বিইউএফটি এর নিয়ম শৃঙ্খলা পরিপন্থী। বিইউএফটি কর্তৃপক্ষ এ ব্যাপারে কঠোর মনোভাব পোষণ করে। বিইউএফটি বরাবরের মতো ছাত্র-ছাত্রীদের সকল সমস্যার ব্যাপারে অবগত রয়েছে ও এর সমাধানেও কার্যকরী ব্যবস্থা গ্রহণে পিছপা হয় না। উল্লেখ্য এই বিশ্ববিদ্যালয়ের প্রাকৃতিক অবস্থান, ভবন নির্মাণের নকশা, এবং নানাবিধ সুযোগ সুবিধা সংবলিত এর নান্দনিকতা বিশ্ববিদ্যালয়টিকে সকলের কাছে আকর্ষণীয় করে তুলেছে। বিশ্ববিদ্যালয়ে রয়েছে অত্যাধুনিক শ্রেনীকক্ষ, ল্যাবরেটরি, আন্তর্জাতিক মানের লাইব্রেরী এবং কম্পিউপটার ফ্যাসিলিটিস। শিক্ষার্থীদের স্মরণ করিয়ে দেওয়া যাচ্ছে যে, পিতা মাতা/অভিভাবক অনেক আশা নিয়ে তাদের ছেলেমেয়েদেরকে বিশ্ববিদ্যালয়ে উচ্চ শিক্ষা গ্রহণ ও জীবনে সুপ্রতিষ্ঠিত হওয়ার জন্য পাঠায়। কোন কারনে নির্ধারিত সময়ে শিক্ষা কার্যক্রম সম্পন্ন না হলে সেমিস্টার তথা শিক্ষা জীবন ক্ষতিগ্রস্থ হওয়ার যথেষ্ট সম্ভাবনা আছে।

এমতাবস্থায়, সকল সাধারণ ছাত্র-ছাত্রীদের এই মর্মে জানানো যাচ্ছে যে, কিছু সংখ্যক ছাত্রের প্ররোচনায় বিভ্রান্ত না হয়ে নিজের উজ্জল ভবিষৎ শিক্ষা জীবন ও বাস্তব জীবনের কথা চিন্তা করে অনলাইন শিক্ষা কার্যক্রমে সম্পূর্ণ অংশ গ্রহণ করবে এবং এই প্ল্যাট ফরমের সমূদয় সুবিধা কাজে লাগাবে। বিইউএফটি সব সময় শিক্ষার্থীদের পাশে ছিল, আছে ও ভবিষৎতেও থাকবে। "আমার ভাল আমি বুঝবো অন্য কারো প্ররোচনায় প্রভাবিত হবো না"- এই মূল্যবোধকে ব্রত হিসেবে নিয়ে শিক্ষার্থীরা চলমান অনলাইন শিক্ষা কার্যক্রমে নিয়মিত অংশ গ্রহণ করবে, এটাই আমরা আশা করি।

কর্তৃপক্ষের আদেশক্রমে,

**মো: রফিকুজ্জামান**
রেজিস্ট্রার, বিইউএফটি